

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাইর বর্ষবরণ

উত্তর আমেরিকা অফিস

২৬ এপ্রিল ২০১৯, ১৭:৪৪

আপডেট: ২৬ এপ্রিল ২০১৯, ১৭:৪৬



বর্ষবরণে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাইর সদস্যরা

শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অ্যালামনাই আমেরিকা বাংলা নববর্ষ ১৪২৬ উদ্‌যাপন করেছে। নিউইয়র্কের জ্যাকসন

হাইটস বাংলাদেশ প্লাজা মিলনায়তনে ২১ এপ্রিল জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে সংগঠনটি নতুন বছরকে বরণ করে নিয়েছে।

সংগঠনের সভাপতি সুলতান শাহরিয়ারের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে নিউইয়র্কে বসবাসরত কৃষি বিজ্ঞানীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক রেজাউল করিম ও কার্যকরী কমিটির সদস্য প্রভাত বোস। বক্তব্য রাখেন কৃষিবিদ আসাদুল বাকী, কৃষিবিদ শাহাবুদ্দীন টিটু, আবদুর রশীদ, মনোয়ারুল ইসলাম, রেজাউল হক চৌধুরী মানিক, আসাদুজ্জামান কিরণ ও সেকেন্দার আলী।

নববর্ষের এ অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিল নিজেদের হাতে রান্না করা সুস্বাদু খাবার। পান্তা, পোলাও, বিরিয়ানি, সাদা ভাত, ১৬ ধরনের ভর্তা, দই-মিষ্টি ও পিঠায় টেবিল ছিল পরিপূর্ণ। খাবার টেবিলেই কৃষিবিদেরা বিশ্ববিদ্যালয়ের স্মৃতিচারণে মেতে ওঠেন।

২১ এপ্রিল ছিল সংগঠনের সভাপতি সুলতান শাহরিয়ার ও কার্যকরী কমিটির সদস্য প্রভাত বোসের বিয়ে বার্ষিকী। কেক কেটে দুই দম্পতিকে দীর্ঘ বৈবাহিক জীবনের শুভেচ্ছা ও মঙ্গল কামনা করা হয়।

বর্ষবরণ অনুষ্ঠানে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা সবার দৃষ্টি আকর্ষণ করে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এম এ মামুন, মামুনের রশীদ, তপতী রায়, কমিউনিটি অ্যাকটিভিস্ট মেরি জোবায়দা, আবদুল আজিম, শায়লা নবী তিথি ও আনিসুল হক সোহেল।